# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 31-08-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে দেশবাসীকে "ভোকাল ফর লোকাল" মন্ত্র, "আত্মনির্ভর ভারত" এর পথ এবং উন্নত ভারতের লক্ষ্য নিয়ে এগিয়ে যেতে হবে।

আজ আকাশবাণীতে ১২৫-তম মন-কি-বাত অনুষ্ঠানে শ্রী মোদী বলেন, উৎসবের মরশুমে দেশবাসীর স্বদেশের কথা কখনও ভুলে যাওয়া উচিত নয় ।

২) শ্রী মোদী প্রতিশ্রুতিমান পরীক্ষার্থীদের জন্য "প্রতিভা সেতু প্ল্যাটফর্ম", সেচের কাজে সৌর পাম্পের ভূমিকা এবং বিশ্বকর্মা যোজনার কথাও আজ বিশেষভাবে উল্লেখ করেছেন।

৩) আগামীকাল রাজ্য বিধানসভার বিশেষ স্বল্পকালীন অধিবেশন শুরু হতে চলেছে। ভিন রাজ্যে কাজ করতে যাওয়া পরিযায়ী শ্রমিকদের হেনস্থার বিষয়ে রাজ্য সরকার এই অধিবেশনে একটি নিন্দা প্রস্তাব আনবে বলে জানিয়েছে।

৪) সুপ্রিম কোর্টের নির্দেশে SSC-র প্রকাশিত অযোগ্য শিক্ষকদের তালিকায় আরও দুটি নাম যুক্ত হওয়ায় এই সংখ্যা বেড়ে হয়েছে ১৮০৬। এই তালিকায় রাজ্যের শাসক দলের অনেক নেতা-কর্মী ও তাদের পরিজনদের নাম রয়েছে।

চাকরি বাতিলের ঘটনায় বিরোধী দলনেতা মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেছেন।

৫) মুর্শিদাবাদের ভাগীরথীতে বিশ্বের দীর্ঘতম সাঁতার প্রতিযোগিতায় এবারেও প্রথমস্থান অধিকার করে দুর্গাপুরের প্রত্যয় ভট্টাচার্য হ্যাট্রিক করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন দেশবাসীকে "ভোকাল ফর লোকাল" মন্ত্র, "আত্মনির্ভর ভারত" এর পথ এবং উন্নত ভারতের লক্ষ্য নিয়ে এগিয়ে যেতে হবে। আজ আকাশবাণীতে ১২৫-তম মন-কি-বাত অনুষ্ঠানে নিজের চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নিয়ে শ্রী মোদী বলেন, উৎসবের মরশুমে দেশবাসীর স্বদেশের কথা কখনও ভুলে যাওয়া উচিত নয় এবং জীবনের প্রতিটি প্রয়োজনের সবকিছুই স্বদেশী হওয়া উচিত।

(বাইট – ভোকাল ফর লোকাল ২৪")

বর্ষার মরশুমে প্রাকৃতিক বিপর্যয় থেকে উদ্ধার কাজে সামাজিক কর্মকর্তা, ডাক্তার, স্থানীয় মানুষদের উদ্যোগের প্রশংসা করে শ্রী মোদী বলেন, NDRF, SDRF-এর পাশাপাশি সাধারণ মানুষও কঠিন সময়ে মানবিকতাকে সবার ওপরে স্থান দিয়েছেন।

(বাইট – বিপর্যয় মোকাবিলা ৩৩")

এদিন প্রধানমন্ত্রী **'প্রতিভা সেতু'** প্ল্যাটফর্মে সাফল্যের বিষয়টি, মন-কি-বাত-এর মাধ্যমে দেশবাসীর কাছে তুলে ধরেন। 'প্রতিভা সেতু' –তে, সেই প্রতিশ্রুতিমান পরীক্ষার্থীদের ডেটা রাখা হয়েছে, যারা UPSC-র আলাদা আলাদা পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণ হয়েছেন, কিন্তু চূড়ান্ত মেরিট লিস্টে থাকতে পারেন নি। এই পোর্টালে ১০ হাজারের'ও বেশী এমন প্রতিশ্রুতি সম্পন্ন যুবক-যুবতীদের ডেটা ব্যাঙ্ক সংরক্ষণ করা হয়েছে।

(বাইট – প্রতিভা সেতু ২৫")

সৌরশক্তি কৃষকদের জীবনকেও বদলে দিচ্ছে উল্লেখ করে শ্রী মোদী বিহারের মুজাফফরপুরের দেবকির কথা উল্লেখ করেন, যিনি সৌর পাম্প দিয়ে তাঁর গ্রামের ভাগ্য বদলে দিয়েছিলেন। তিনি বলেন, আগে মাত্র কয়েক একর জমিতে সেচের ব্যবস্থা ছিল, কিন্তু এখন ৪০ একরেরও বেশি জমিতে জল পৌঁছে যাচ্ছে।

(বাইট – সৌরশক্তি ২৬”)

আগামী ১৫-ই সেপ্টেম্বর বিখ্যাত ইঞ্জিনিয়ার বিশ্বেশ্বরাইয়ার জন্মদিনটি এদেশে ইঞ্জিনিয়ার্স ডে হিসাবে পালিত হবে। মন কি বাতে প্রধানমন্ত্রী দেশের সব ইঞ্জিনিয়ারদের শুভেচ্ছা জানিয়েছেন। ১৭ ই সেপ্টেম্বর বিশ্বকর্মা পুজো। শ্রী মোদী বলেছেন, দেশের সূত্রধর, কর্মকার, স্বর্ণকার, কুম্ভকার, মৃৎশিল্পী এরা প্রত্যেকেই সমৃদ্ধির বুনিয়াদ তৈরি করছেন। এদের জন্যই সরকার বিশ্বকর্মা যোজনা চালাচ্ছে।

প্রধানমন্ত্রী আরও বলেছেন, বিশ্বের বড় শহরের পাশাপাশি ছোট ছোট শহরগুলিতেও ভারতীয় সংস্কৃতি ছড়িয়ে পড়ছে। ইতালির ক্যাম্পোরোটন্ডো-য় বাল্মিকী মূর্তির প্রতিষ্ঠা করা হয়েছে। রাশিয়ার ভ্লাডিভোস্টকে রামায়ণের বিভিন্ন থিমের ওপর প্রদর্শনী অজস্র মানুষের দৃষ্টি আকর্ষণ করেছিল বলেও শ্রী মোদী উল্লেখ করেন।

রিকাস্ট

oooooooooooooooooooo

এবারের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

oooooooooooooooooooo

আগামীকাল রাজ্য বিধানসভার বিশেষ স্বল্পকালীন অধিবেশন শুরু হতে চলেছে। ভিন রাজ্যে কাজ করতে গিয়ে এরাজ্যের পরিযায়ী শ্রমিকদের হেনস্থার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে রাজ্য সরকার এই অধিবেশনে একটি নিন্দা প্রস্তাব আনবে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, আগামী মঙ্গলবার এই সরকারি প্রস্তাবের উপরে আলোচনা শুরু হবে।

আগামীকাল দুপুর ১২টায় শোক প্রস্তাব গ্রহণের পর অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে যাবে। এর আগে বসবে সর্বদলীয় এবং কার্য উপদেষ্টা কমিটির বৈঠক।

আগামীকাল থেকে শুরু হওয়া বিধানসভার স্বল্পকালীন বিশেষ অধিবেশনের শেষ দিনে বৃহস্পতিবারও একই ইস্যুতে আলোচনা চলবে। বুধবার করম পুজোর জন্য অধিবেশন হবে না। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আলোচনায় অংশ নিতে পারেন বলে পরিষদীয় দফতর সূত্রে জানা গিয়েছে। ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী এবং অপরাজিতা বিল ফেরৎ পাঠানো নিয়েও এই অধিবেশনে আলোচনার সম্ভাবনা আছে বলে জানা গেছে।

oooooooooooooooooooo

বিগত এক দশকে রাজ্যে পরিযায়ী শ্রমিকের সংখ্যা কমেছে বলে রাজ্য সরকার জানিয়েছে। বর্তমানে রাজ্যে পরিযায়ী শ্রমিকের সংখ্যা ২২ লক্ষ ৪০ হাজার। ২০১১ সালে যা ছিল ২৪ লক্ষ ৫ হাজার। রাজ্য ছেড়ে ভিনরাজ্যে কাজের খোঁজে যাওয়ার প্রবণতা প্রায় ১ লক্ষ ৬৫ হাজার কমেছে বলে শ্রম দফতরের দেওয়া তথ্যে উঠে এসেছে। কর্মসংস্থানমুখী প্রকল্প এবং সামাজিক সুরক্ষা ব্যবস্থাই এই সাফল্যের মূল চাবিকাঠি বলে দাবি করা হয়েছে।

ooooooooooooooooooo

SSC-র প্রকাশ করা অযোগ্য তালিকায় উত্তর ২৪ পরগনার বারাসাত এক নম্বর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি তথা পঞ্চায়েত সমিতির প্রাক্তন পূর্ত কর্মাধ্যক্ষ ইছা হক সর্দারের ছেলে মহম্মদ নিজামুল্লার নাম থাকায় রাজনৈতিক তর্জা শুরু হয়েছে। বিচারাধীন বিষয় বলে ইছা হক সর্দার এবিষয়ে কোন মন্তব্য করতে চাননি।

দক্ষিণ ২৪ পরগনার সোনারপুর পুরসভার তৃণমূল কংগ্রেস কাউন্সিলার কুহেলী ঘোষের নাম অযোগ্য তালিকায় রয়েছে। সোনারপুরের একটি স্কুলের ইতিহাসের শিক্ষিকা কুহেলীর দাবি তিনি এব্যাপারে আগেই কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন।

এই তালিকায় নাম থাকা বনগাঁর রীতেশ ঘোষের অভিযোগ সুপ্রিম কোর্ট যাদের অযোগ্য বলে চিহ্নিত করেছিল, এসএসসি-র অযোগ্য তালিকায় তাদের নাম নেই। এর বিরুদ্ধে তিনি আদালতের দ্বারস্থ হওয়ার ভাবনা চিন্তা করছেন বলে জানিয়েছেন।

এদিকে, গত মধ্যরাতের পর এসএসসি-র ওয়েবসাইটে অযোগ্য তালিকা জনৈকা রৌশেরানা বেগম এবং সঞ্চিতা দাসের নাম যুক্ত হওয়ায় এই সংখ্যা বেড়ে ১৮-শো ৬ হয়েছে।

উল্লেখ্য, সর্বোচ্চ আদালতের নির্দেশ মতো এসএসসি গতরাতে এই তালিকা প্রকাশ করে। এরা কোনোভাবেই নিয়োগ পরীক্ষায় বসতে পারবে না বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে।

oooooooooooooooooooo

বিজেপি চাকরি বাতিলের জন্য মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি জানিয়েছে। পশ্চিম মেদিনীপুরের ঘাটালে আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, কোন নির্বাচিত সরকার এই ভাবে চাকরি দিতে পারেনা। অযোগ্যদের যে তালিকা প্রকাশিত হয়েছে, সেখানে প্রার্থীদের ঠিকানা এবং কোন বিষয়ে শিক্ষকতা করতেন তার উল্লেখ নেই। পাশাপশি র‍্যাঙ্ক জাম্প করে এবং প্যানেল বহির্ভূতভাবে

কারা চাকরি পেয়েছেন এই বিষয়গুলিও উল্লেখ করা হয়নি। তাই এই তালিকা অসম্পূর্ণ বলে বিরোধী দলনেতার দাবি।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভায় আইন পাস করে তাঁদের চাকরিতে পুনর্বহালের জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে চিঠি দিয়েছেন চাকরিহারা যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের একাংশ। যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের তরফে মেহেবুব মন্ডল জানান, গতকাল স্কুল সার্ভিস কমিশন অযোগ্য শিক্ষক-শিক্ষিকাদের তালিকা প্রকাশ করে দেওয়ায় স্পষ্ট হয়ে গেছে, ১৫ হাজার ৪০৩ শিক্ষক-শিক্ষিকার বিরুদ্ধে কোনো অভিযোগ নেই। তাঁরা স্বচ্ছ উপায়ে চাকরি পেয়েছিলেন। মুখ্যমন্ত্রী ও বিরোধী দলনেতাকে পাঠানো ই-মেলে, যোগ্য শিক্ষকদের সসম্মানে চাকরিতে পুনর্বহালের জন্য বিধানসভায় জরুরি অধিবেশন ডেকে আইন পাস করার দাবি জানানো হয়েছে। একই দাবিতে আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকীকেও চিঠি পাঠানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম ১ নং ব্লকের সোনাচূড়া সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড-এর পরিচালন সমিতির নির্বাচনে বিজেপি সমর্থিত প্রার্থীরা জয়ী হয়েছেন।

এদিকে, বাঁকুড়া ২ নম্বর ব্লকের বিকনা গ্রাম পঞ্চায়েতের সেন্দড়া ও কোতুলপুর সমবায় সমিতির নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বীতায় তৃণমূল কংগ্রেস সমর্থিত প্রার্থীরা জয়লাভ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

১৯৫৯ সালের ঐতিহাসিক খাদ্য আন্দোলন এবং গণ আন্দোলনের শহীদদের স্মরণে কলকাতার সুবোধ মল্লিক স্কোয়ারের শহীদ বেদীতে আজ শ্রদ্ধা জ্ঞাপন করেন বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু, সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম সহ ফ্রন্টের শরিক দলের নেতৃবৃন্দ। বিমান বসু তাঁর বক্তব্যে আজকের দিনের তাৎপর্য-এর কথা তুলে ধরেন।

এদিকে, এস ইউ সি আই (কমিউনিস্ট) দলের পক্ষ থেকে হাওড়ার বাগনান, শ্যামপুর সহ বিভিন্ন জায়গায় শহীদ বেদীতে মাল্যদান এবং বিশেষ সভার আয়োজন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদে ভাগীরথী নদীতে আয়োজিত বিশ্বের দীর্ঘতম সাতার প্রতিযোগিতার ৮১ কিলোমিটার সাধারণ বিভাগে এবারও প্রথম স্থান অধিকার করে হ্যাট্রিক করেছেন বর্ধমানের দূর্গাপুরের প্রত্যয় ভট্টাচার্য। ১০ ঘন্টা ৫৫ মিনিট ৩৭ সেকেন্ডে ৮১ কিলোমিটার নদী সাঁতরে এসেছেন তিনি। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছেন বাংলাদেশের মহম্মদ নুরুল ইসলাম এবং নয়ন আলি।

অন্যদিকে, মহিলাদের ১৯ কিলোমিটার বিভাগে প্রথম হয়েছেন কোলকাতার মৌবনী পাত্র, তাঁর সময় লেগেছে ২ ঘন্টা ২১ মিনিট ৫১ সেকেন্ড। দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেছেন বাংলাদেশের মুক্তি খাতুন ও সোনিয়া আক্তার।

পুরুষদের ১৯ কিলোমিটার বিভাগে প্রথম হয়েছেন কোলকাতার লেকটাউনের বাসিন্দা গৌরব কাবেরী। এই বিভাগেও বাংলাদেশের দুই সাঁতারু ফয়সল আহমেদ ও জুয়েল আহমেদ দ্বিতীয় ও তৃতীয় হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০